

আশুগঞ্জ সার কারখানা কলেজ

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রি:

শ্রেণিঃ একাদশ, বিষয়ঃ ইসলাম শিক্ষা ১ম পত্র, (সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সকল প্রশ্নের উত্তর দাও।]

১। তামীম একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে অনার্সে পড়ছে। তার ছোট বোন তাকে প্রশ্ন করল, ভাইয়া তুমি কোন বিষয়ে অনার্স পড়ছ? জবাবে তামীম বলল- আমি এমন একটি বিষয়ে পড়ালেখা করছি যার মাধ্যমে শ্রুতির পরিচয়, তার প্রতি আনুগত্য এবং তার সম্বন্ধি অর্জনের উপায় সম্পর্কে জ্ঞানার্জন করা যায়। তামীমের পিতা গ্রামের এমন একটি শিক্ষা-প্রতিষ্ঠানের শিক্ষা যেখানে শিশুদের আরবী ভাষা ও ইসলামের বিভিন্ন ব্যবহারিক জ্ঞান শিক্ষা দিয়ে থাকেন?

ক) “তুহফাতুল ফালাসিফাহ” গ্রন্থের রচয়িতা কে? ১

খ) “ইসলামি শিক্ষা একটি সার্বজনীন শিক্ষা” ব্যাখ্যা কর। ২

গ) তামীমের অধীত বিষয়টি তোমার পঠিত কোন বিষয়ের সাথে তুলনীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) তামীমের পিতার শিক্ষকতার প্রতিষ্ঠান কোনটি? এর কার্যক্রম মূল্যায়ন কর। ৪

২। জ্ঞান-বিজ্ঞানের প্রতিটি শাখায় মুসলিম মনীষীদের অসামান্য গৌরবোজ্জ্বল অবদান রয়েছে। জ্ঞান-বিজ্ঞানের প্রচার-প্রসারে মহানবী (সা:) থেকে শুরু করে পরবর্তীতে সকল যুগের মুসলিম মনীষীদের সৃজনশীল অবদান আধুনিককালে ও বিশ্বায়কর বলে মনে হয়। এই সমস্ত মনীষীদের মধ্যে একজন ইরানের তুস নগরে জন্মগ্রহণ করেন, যিনি দর্শনে বিশেষ অবদান রেখেছেন। অন্যদিকে আরেক মনীষী চিকিৎসা শাস্ত্রে এমন এক গ্রন্থ রচনা করেন, যা চিকিৎসা শাস্ত্রে বিশ্বকোষ হিসাবে বিবেচিত।

ক) “বিদআত” শব্দের অর্থ কী? ১

খ) “বিজ্ঞান চর্চায় বায়তুল হিকমাহ প্রতিষ্ঠা একটি মাইল ফলক” ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে তুস নগরে জন্মগ্রহণকারীর মনীষীর নাম কী? অবদান ব্যাখ্যা কর।

৩ ঘ) চিকিৎসা শাস্ত্রে বিশ্বকোষ লিবকের অবদান মূল্যায়ন কর। ৪

৩। জনাব নকীব ভোরে ঘুম থেকে উঠে অজু করে বাসার বাহিরে যেতে উদ্যত হলে তার নাতী লাবীব জানতে চান, দাদা এত সকালে কোথায় যান? উত্তরে নকীব সাহেব বললেন- “আমি এমন একটি ইবাদত পালনের জন্য যাই, যা মুমিনের জন্য মিরাজস্বরূপ।” লাবীব বলল- আমাদের ক্লাশে ইসলাম শিক্ষা বিষয় শিক্ষক বলেছেন “মুসলমানদের মৌলিক ইবাদতের মধ্যে এমন একটি ইবাদত আছে, যার প্রতিদান আল্লাহ নিজেই দিবেন।”

ক) দেশ প্রেম শব্দের আরবী কী? ১

খ) “সরব ঈমানের অর্থাংশ” ব্যাখ্যা কর। ২

গ) নকীব সাহেব কোন ইবাদতের জন্য ভোরে বাসা থেকে বের হন? বর্ণনা কর।

৩

ঘ) ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষককের বক্তব্যে যে ইবাদতের উল্লেখ করা হয়েছে তার গুরুত্ব বিশ্লেষণ কর।

৪

৪। নায়ীম ও জাদীদ চাকুরীজীবী দুইবন্ধু। নায়ীম ঢাকায় চাকুরী করলে ও তার অসুস্থ পিতা-মাতার নিয়মিত বাড়ীতে খোঁজ খবর নেন এবং ঔষধ পত্রসহ যাবতীয় প্রয়োজনীয় জিনিস যথাসময়ে কিনে দেন। কিছুদিন পরপর এসে বাড়ী মা-বাবাকে দেখে যান। পক্ষান্তরে জাদীদ এর বিপরীত। বাড়ীতে মা-বাবার নিয়মিত খোঁজ-খবর নেন না। সংসারের প্রয়োজনীয় খরচের যোগন দেন না। কিছু দিন পর বৃদ্ধ বাবা মারা গেলে মাকে বৃদ্ধাশ্রমে রেখে আসেন। তার আচরণ দেখে প্রফেসর আদীব বললেন- মহানবী সা: বলেছেন- “ধ্বংস হউক সেই ব্যক্তি যে পিতা-মাতা দু’জনের একজনকে অথবা উভয়কে বৃদ্ধাবস্থার পেল অথচ তাদের সেবা করে জান্নাত প্রবেশ করতে পারল না”।

ক) ইসলামী পরিবার কী?

১

খ) “ইসলামী পরিবার শান্তির নীড়” ব্যাখ্যা কর।

২

গ) নায়ীমের আচরণে কোন পরিবারের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

৩

ঘ) জাহীদের আচরণ কি সমর্থন কর? প্রফেসর আদীবের উদ্ধৃত হাদীসের বিশ্লেষণ কর। ৪
৫। কুরাইশ বংশের সম্ভ্রান্ত পরিবারের এক মহিলা চুরির অপরাধে ধরা পড়লে মহানবী (সা:) হাত কাটার নির্দেশ দেন এবং তিনি আরো বলেন আমার মেয়ে ফাতিমা ও যদি এ কাজ করতো, তাহলে তার ও হাত কেটে দিতাম। অন্যদিকে হযরত উমর রা: নিজপুত্রকে মদ্যপানের অভিযোগে কঠোর শাস্তি দিয়েছিলেন।

ক) ইভটিজিং কী?

১

খ) দেশ প্রেম বলতে কী বোঝায়?

২

গ) মদ্যপানের দরুন সমাজে এর প্রতিক্রিয়া ব্যাখ্যা কর।

৩

ঘ) মহানবী সা: এর মহিলাকে শাস্তিদানের ঘটনা কিসের বহি: প্রকাশ বিশ্লেষণ কর। ৪
৬। ফাহিম এবং জাবির দুইজন ধনাট্য ব্যবসায়ী। ফাহিম ইসলামের মৌলিক ইবাদতগুলো পরিচালনা করেন, কিন্তু জাবির শারীরিক ইবাদত আদায় করলে ও আর্থিক ইবাদত পালন করেন না। প্রচুর অর্থ-সম্পদের মালিক হলে ও তিনি সম্পদের হক আদায়ের প্রয়োজন আছে বলে ও তিনি মনে করেন না। একদা ফাহিম জাবিরকে আল্লাহর ঘোষণাটি শুনিয়ে বললেন আল্লাহ বলেছেন “তোমাদের অর্থসম্পদে প্রার্থী ও বঞ্চিতদের অধিকার রয়েছে”।

ক) বায়তুল মাল কী?

১

খ) ইসলামী ব্যাংক এর সংজ্ঞা লিখ?

২

গ) ইবাদত আদায় সম্পর্কে জাবিরের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা কর।

৩

ঘ) আল্লাহর ঘোষণা “তোমাদের অর্থ-সম্পদে প্রার্থী ও বঞ্চিতদের অধিকার রয়েছে”- বিশ্লেষণ কর।

৪

৭। ড. দিদার এক সেমিনারে বললেন- মুসলিম, হিন্দু, বৌদ্ধ কিংবা খ্রীষ্টান যেই ধর্মেরই হউক না কেন আদি পিতা-মাতার দিক থেকে আমরা সবাই এক অনন্য বন্ধনে আবদ্ধ। রক্তের বন্ধন ও আমাদের মধ্যে বিদ্যমান। সমাজ ও রাষ্ট্রের অধিকতার শান্তি শৃঙ্খলার জন্য শুধু পারস্পরিক সহযোগিতা নয় বরং কোন মানুষের জানমালের ইজ্জত-আবরু যে কারো দ্বারা কোনোভাবে বিঘ্নিত না হয় সে বিষয়ে সতর্ক থাকা উচিত।

ক) “খেদমতে খালক” অর্থ কী?

১

খ) কথা ও কাজে মিল থাকা দাঁড়র অন্যতম বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

২

গ) ভ্রাতৃত্বের প্রকারভেদ ব্যাখ্যা কর।

৩

ঘ) ড. দিদারের উক্তি “আমরা সবাই এক অনন্যবন্ধনে আবদ্ধ” কিসের প্রতি ইঙ্গিতবাহী? বিশ্লেষণ কর।

৪